



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১২০

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০

০৫ মার্চ ২০২৪

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩৭৭/২০২৩
পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ হুমায়ুন কবীর, সহকারী শিক্ষক (ইংরেজি) এবং গং সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন 'রামসুন্দর সরকারি অগ্রগামী মডেল উচ্চ বিদ্যালয়'টি সরকারিকরণ করার সময় তাদের বেতন স্কেল [বেসরকারি আমলে প্রাপ্ত ২২০০০/- (বাইশ হাজার) টাকা] সংরক্ষণ (Pay Protection) না করায় সংস্কৃক হয়ে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩৭৭/২০২৩ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে। বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২(দুই) প্রস্তুত অত্র প্রশাসনিক ট্রাইব্যুনালে আগামী ২৮/০২/২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে দাখিল করার নির্দেশনা রয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩৭৭/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩৭৭/২০২৩-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৫-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬৯


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১২০/১(৩)

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৫-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব